



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা- ৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০৩.১৯-২০৭

তারিখঃ ২৬ শ্রাবণ ১৪২৭ ব.
১০ আগস্ট ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১৩৬০২/২০১৮ মামলার ১২/১১/২০১৮ তারিখের আদেশের আলোকে গুলিশাখালী দাখিল মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের এমপিও বিলে প্রতিস্বাক্ষরের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, আমতলী, বরগুনা কর্তৃক গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদিসহ উক্ত রিট মামলার সর্বশেষ অবস্থা অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ সহ-সুপার মাও: মো: আ: মান্নান এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরগুনা জেলার আমতলী উপজেলাধীন গুলিশাখালী দাখিল মাদ্রাসার সুপার পদ শূন্য থাকায় (অবসর এর কারণে) এবং কোন কমিটি না থাকার কারণে বিগত ২১/৬/২০১৫ সনের বিলুপ্ত এডহক কমিটির সভাপতি বিধি বহির্ভূতভাবে ৩বছর পরে বেতন বিলে স্বাক্ষর করে। বেতন বিলে উক্ত স্বাক্ষরের বিরুদ্ধে সহ-সুপার (ভারপ্রাপ্ত সুপার) জনাব মাও: মো: আ: মান্নান কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ১৩৬০২/২০১৮ দায়ের করা হয়।

২। রিট পিটিশন নং-১৩৬০২/২০১৮ মামলায় গত ১২/১১/২০১৮ তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক শুনানী অনস্পন্ন রেখে নিম্নরূপ আদেশ প্রদান করা হয়- “Pending hearing of the Rule, the Respondents No. 7. Upazilla Nirbahi Officer (UNO) Amtoli. Barguna is directed to sign the bill of the teachers and staff of the Gulishakhali Dakhil Madrasha, Amtoli, Barguna for a period of 04 (four) months from date.

৩। গত ০২/০৪/২০১৯ তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক উক্ত অন্তর্বর্তীকালীন আদেশটি ০৬ (ছয়) মাস বৃদ্ধি করে নিম্নরূপ আদেশ প্রদান করা হয়- “The order of direction granted earlier by this Court is extended for a period of 06 (six) months.

৪। তথাপি উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণ বেতন-ভাতাদি না পাওয়ায় রিট পিটিশন নং-১৩৬০২/২০১৮ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসার, আমতলী ও সহ-সুপার (ভারপ্রাপ্ত- সুপার) এর যৌথ স্বাক্ষরে শিক্ষক-কর্মচারীদের বেতন-বিল প্রদানের নিমিত্ত উপজেলা নির্বাহী অফিসার, আমতলী-কে নির্দেশনা প্রদানের জন্য উক্ত প্রতিষ্ঠানের সহ-সুপার (ভারপ্রাপ্ত সুপার) কর্তৃক সচিব, টিএমইডি বরারব বিবেচ্য আবেদন দাখিল করা হয়েছে।

৫। উল্লেখ্য রিট পিটিশন নং-১৩৬০২/২০১৮ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত ১২/১১/২০১৮ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশ ও ০২/০৪/২০১৯ তারিখের বর্ধিতকরণের আদেশের মেয়াদ ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে বিধায় রিট মামলার আদেশের আলোকে গুলিশাখালী দাখিল মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের এমপিও বিলে প্রতিস্বাক্ষরের বিষয়টি নিষ্পত্তি হয়েছে কিনা? নিষ্পত্তি না হয়ে থাকলে না হওয়ার কারণ উৎঘাটনসহ এমপিও বিলে উপজেলা নির্বাহী অফিসার, আমতলী, বরগুনা’র প্রতিস্বাক্ষর নিশ্চিতক্রমে গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদিসহ রিট মামলাটির সর্বশেষ অবস্থা সম্পর্কিত তথ্য টিএমইডিতে প্রেরণ করা প্রয়োজন।

৬। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৩৬০২/২০১৮ মামলার ১২/১১/২০১৮ তারিখের আদেশের আলোকে গুলিশাখালী দাখিল মাদ্রাসা’র শিক্ষক-কর্মচারীদের এমপিও বিলে প্রতিস্বাক্ষরের বিষয় নিশ্চিতকরণ তথা উপজেলা নির্বাহী অফিসার, আমতলী, বরগুনা কর্তৃক গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদিসহ রিট মামলার সর্বশেষ অবস্থা (আগামী ৩০/০৮/২০২০ খ্রি: এর মধ্যে) টিএমইডি-কে জানানোর জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিয়া)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গার্লস গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।